# জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি

**বেলটিয়া, জামালপুর।**

https://pbs.jamalpur.gov.bd

Phone: 0981-63030/62403 Email: jamalpurpbs@gmail.com


স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০০৮.২৩.২২৮৬

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩০
০৮ মে ২০২৩

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির বিভিন্ন উপজেলায় অবস্থিত ইনডোর উপকেন্দ্র ও সুইচিং স্টেশন এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে দৈনিক মজুরী ভিত্তিতে (কাজ নাই মজুরী নাই) **"রাত্রিকালীন নিরাপত্তা প্রহরী"** নিয়োগের নিমিত্ত প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকার স্থায়ী পুরুষ নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা হচ্ছে।

| পদের নাম/ পদ সংখ্যা | বয়স সীমা | মজুরী | প্রয়োজনীয় যোগ্যতা | যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে) ০৯ (নয়) টি (কম/বেশি হতে পারে) **(পুরুষদের জন্য সংরক্ষিত)** | ৩০/০৫/২০২৩ তারিখ বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর। | দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা। | ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণী/সমমান পাশ হতে হবে। তবে প্রার্থীকে বাংলা ও ইংরেজী ভাষায় লেখা ও পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে।<br>ঘ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শুধু জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন। |

**অন্যান্য শর্তাবলী:**

০১। আবেদনকারীগণকে জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট https://pbs.jamalpur.gov.bd হতে আবেদন ফরম ডাউনলোড পূর্বক A-4 সাইজের কাগজে প্রিন্ট করে নিজ হাতে পূরণ করে আগামী ৩০/০৫/২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি, বেলটিয়া, জামালপুর বরাবর ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে/সরাসরি পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে না। খামের উপরে অবশ্যই প্রার্থীর নাম, পদের নাম, নিজ উপজেলা ও জেলার নাম উল্লেখ করতে হবে।

০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ-পত্রাদি দাখিল করতে হবে। (ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি (খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদ (ঙ) অভিজ্ঞতার সনদের (যদি থাকে) ফটোকপি। **(দাখিলকৃত সকল কাগজপত্রের অনুলিপি ও ছবি সত্যায়িত থাকতে হবে)**

০৩। নির্বাচিত প্রার্থীকে দৈনিক ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা প্রহরী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/= (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজার মূল্য বিবেচনায় বাপবিবো এর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে।

০৪। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

০৫। পুলিশ প্রশাসন কর্তৃক প্রার্থীর প্রাক-পরিচয় যাচাই করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে/কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষনিকভাবে বিনা নোটিশে কাজের অনুমতি পত্র বাতিল করা হবে।

০৬। **সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কাজের অনুমতি পত্র প্রদান করা হবে। কোনক্রমেই যা স্থায়ী করা হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিতে কাজ করার অনুমতি বলবৎ থাকবে।**

০৭। কাজের অনুমতি প্রদানের সময় রেজিস্টার্ড চিকিৎসক/জামালপুর পবিস এর রিটেইনার চিকিৎসক কর্তৃক প্রদত্ত শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

০৮। বাছাই/নির্বাচনী পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে।

০৯। কোন প্রার্থী কর্তৃক জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ন বা অসঙ্গতিপূর্ণ প্রমাণিত হলে তার প্রার্থীতা/কাজের অনুমতি পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নির্বাচন/অনুমতি প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরীগণ দৈনিক (রাত্রিকালীন) ০৮ ঘন্টা সময়ের জন্য দায়িত্বে নিয়োজিত থাকবেন। যেদিন কর্মে নিয়োজিত থাকবেন নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য মজুরী পাবেন; এক্ষেত্রে অন্য কোন ভাতা, বোনাস প্রাপ্য হবেন না।

১১। কাজের অনুমতি প্রদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জামালপুর পবিস এর অনুকূলে জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

১২। অনুমতি প্রাপ্ত নিরাপত্তা প্রহরীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জামাদি (যেমন: বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১৩। অনুমতিপ্রাপ্ত নিরাপ**ত্তা** কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মো**ট** মজুরী প্রদান করা হবে।

১৪। অবাধ্যতা, অযোগ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষী হলে তাৎক্ষনিক বিনা নোটিশে কাজের অনুমতি পত্র বাতিল করা হবে

১৫। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা। বাছাই/নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য চাহিত সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হব।

১৬। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কাজের অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে। শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতির জন্য) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেন্দ্রীয় অঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, জামালপুর।
৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
৫। ডিজিএম সকল, জামালপুর পবিস।
৬। এজিএম সকল, জামালপুর পবিস।

(৩–৬: নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)

৭। এজিএম (আইটি), জামালপুর পবিস (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, জামালপুর পবিস।
৯। অফিস কপি/মাস্টার কপি।

(খঃ শামীম আলম)
জেনারেল ম্যানেজার

তারিখ: ----/০৫/২০২৩
বরারবর
জেনারেল ম্যানেজার
জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি।

বিষয়: নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে) পদে চাকুরীর জন্য আবেদন।

সূত্র: স্মারক নং-২৭.১২.৩৯৩৬.৫২৩.০২.০০৮.২৩.২২৮৬; তারিখ: ০৮ মে ২০২৩

| | | | | |
|---|---|---|---|---|
| ০১। | পদের নাম | : | নিরাপত্তা প্রহরী (দৈনিক মজুরী ভিত্তিতে) | |
| ০২। | আবেদনকারীর নাম | : | | |
| ০৩। | পিতার নাম | : | | |
| ০৪। | মাতার নাম | : | | |
| ০৫। | বৈবাহিক অবস্থা | : | | |
| ০৬। | স্ত্রীর নাম (যদি থাকে) | : | | |
| ০৭। | স্থায়ী ঠিকানা | : | গ্রাম: | ডাকঘর: |
| | | | উপজেলা: | জেলা: |
| ০৮। | বর্তমান ঠিকানা | : | | |
| ০৯। | জাতীয় পরিচয় পত্রের নম্বর | : | | |
| ১০। | জন্ম তারিখ | : | | |
| ১১। | বয়স (৩০-০৫-২০২৩ তারিখ) | : | | |
| ১২। | শিক্ষাগত যোগ্যতা | : | | |
| ১৩। | অভিজ্ঞতা (যদি থাকে) | : | | |
| ১৪। | মোবাইল নম্বর | : | | |
| ১৫। | বিকল্প মোবাইল নম্বর | : | | |
| ১৬। | ই-মেইল (যদি থাকে) | : | | |

১৭। ২ (দুই) জন পরিচিত (আত্মীয় নয়) ব্যক্তির নাম, পদবী, ঠিকানা ও মোবাইল নম্বর :

(ক)

(খ)

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপর্যুক্ত সকল তথ্যাদি সঠিক। আমাকে নিরাপত্তা প্রহরী (দৈনিক ভিত্তিতে) পদে নিয়োজিত করলে আপনার প্রতি চির কৃতজ্ঞ থাকব।

________________________

আবেদকারীর স্বাক্ষর ও নাম

<u>সংযুক্তি:</u>

০১। ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি। (সত্যায়িত)
০২। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
০৩। নাগরিকত্বের সনদের সত্যায়িত ফটোকপি।
০৪। শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি।
০৫। অভিজ্ঞতার সনদের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি।